

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ১৭.৫.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## শহীদ জালাল উদ্দিন সোহেল স্মরণে ফ্রি মেডিকেল ক্যাম্প মেয়র ডা. শাহাদাত হোসেন

নগরীর স্বাস্থ্য সেবায় নাগরিক উদ্যোগ প্রশংসনীয় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, শহরের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকারি উদ্যোগের পাশাপাশি নাগরিক ও সামাজিক সংগঠনের অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। শহীদ জালাল উদ্দিন সোহেলের স্মৃতিকে স্মরণীয় করে রাখতে এই ফ্রি মেডিকেল ক্যাম্প একটি মানবিক উদ্যোগ। শনিবার হাজী ক্যাম্প একাদশ আয়োজিত শহীদ জালাল উদ্দিন সোহেল স্মৃতি স্মরণে ফ্রি মেডিকেল ক্যাম্প ও ওষুধ বিতরণ কর্মসূচির প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক সদস্য ও চট্টগ্রাম মহানগর ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক মরহুম জালাল উদ্দিন সোহেল এর ৮ম মৃত্যুবার্ষিকীতে তার আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল এবং করব জেয়ারত করেন মেয়র ডাক্তার শাহাদাত হোসেন এবং বাংলাদেশ জাতীয়তাবাদী পাট শ্রমিক দলের সভাপতি বিএনপি নেতা সাঈদ আল নোমান ও সাবেক বিএনপি নেতা এস কে খোদা তোতনসহ বিএনপির সিনিয়র নেতৃবৃন্দ। মেয়র বলেন, শহীদ জালাল উদ্দিন সোহেলের মতো সমাজ সচেতন ব্যক্তিদের স্মরণে আয়োজিত কর্মসূচি আমাদের অনুপ্রেরণা যোগায়। এর মাধ্যমে সমাজের প্রতি দায়বদ্ধতা ও মানবিকতা প্রকাশ পায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলী রেজা এবং সঞ্চালনা করেন ফারুক উদ্দিন খান। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন চট্টগ্রাম মহানগর যুবদলের সাবেক সভাপতি মোশাররফ হোসেন দীপ্তি। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক কাউন্সিলর সামশুল আলম, চট্টগ্রাম মহানগর ছাত্রদলের সাবেক সভাপতি গাজী সিরাজ উল্যাহ, জহর মিয়া, এস.এম. দিদারুল হক, জামাল উদ্দিন বাবু ও জহর মিয়া।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮